

প্রিয় পরিবারবর্গ,

মিডল্ স্কুলে আবেদনের সময় শুরু হবে 11 জানুয়ারির সপ্তাহে; এর কিছুদিন পরেই, NYC-র বর্তমান পঞ্চম গ্রেডের সকল শিক্ষার্থী ও পরিবারেরা, যারা মিডল্ স্কুলে ভর্তির আবেদন করবে, তাদের সরাসরি সম্প্রচারিত (লাইভ) ভার্চুয়াল তথ্য অধিবেশনে যোগ দেয়ার জন্য আমন্ত্রণ জানানো হবে। উপস্থাপনার পর, আমরা আপনার প্রশ্নাবলীর জবাব দিব। প্রতিটি অনুষ্ঠান ভার্চুয়ালভাবে হবে, এর ফলে আপনি যেকোনো স্থান থেকে যোগ দিতে পারবেন।

প্রতিটি অনলাইন অনুষ্ঠান চলাকালে, আমরা আলোচনা করবো:

- আপনার [MySchools.nyc](https://www.myschools.nyc.gov) অ্যাকাউন্টে কীভাবে তথ্য নিবেশন বা উদ্ধার করা যাবে। মাইস্কুলস্ হচ্ছে ডিপার্টমেন্ট অভ এডুকেশনের অনলাইনভিত্তিক স্কুল সংক্রান্ত তথ্য তালিকা (স্কুল ডিরেক্টরি) এবং আবেদন প্রক্রিয়া।
- আপনার সন্তানের মিডল্ স্কুলের অপশনগুলো সম্পর্কে কীভাবে জানা যাবে।
- কীভাবে আবেদন করতে হয় এবং কীভাবে অফার দেয়া হয়।

প্রতিটি অনুষ্ঠানের বিষয়বস্তু একই, **ভিন্ন ভিন্ন অনুষ্ঠানে ভিন্ন ভিন্ন দোভাষী পরিষেবা দেয়া হবে**, যা নিম্নোক্ত:

- **20 জানুয়ারি**, 5pm থেকে 6pm | অনুষ্ঠানটি ইংরেজিতে হবে। দোভাষী সেবা প্রদান করা হবে: বাংলা, কোরিয়ান, স্প্যানিশ ভাষায়।
- **25 জানুয়ারি**, 5pm থেকে 6pm | অনুষ্ঠানটি ইংরেজিতে হবে। দোভাষী সেবা প্রদান করা হবে: চাইনিজ (ম্যান্ডারিন), হেশিয়ান ক্রিওল, উর্দু ভাষায়।
- **28 জানুয়ারি**, 1pm থেকে 2pm | অনুষ্ঠানটি ইংরেজিতে হবে। দোভাষী সেবা প্রদান করা হবে: আরবি, ফরাসি, রাশিয়ান ভাষায়।

কীভাবে যোগ দিতে হবে:

- অনুষ্ঠানটি সরাসরি সম্প্রচারণে (লাইভ) পরিচালিত হবে। অনুষ্ঠানটি শুরু হবার সময়, আমাদের সাথে জুম (Zoom)-এ যোগ দিতে এখানে ক্লিক করুন: <https://tinyurl.com/2022HSInfo>
- **গুরুত্বপূর্ণ দ্রষ্টব্য:** অধিবেশনের দুই কার্য দিবস আগে আপনার ইমেইল অথবা schools.nyc.gov/Middle ওয়েবপেজ চেক করবেন: আমরা আপনাকে একটি মেসেজ পাঠাবো যাতে অধিবেশনে যোগ দিতে আপনার জন্য আবশ্যিক **জুম (zoom) লিংক** এবং **পাসওয়ার্ড** এবং এর পাশাপাশি উল্লেখিত ভাষাসমূহে **দোভাষী পরিষেবার জন্য ফোন নম্বর** দেয়া থাকবে।

আমাদের সরাসরি সম্প্রচারণের (লাইভ) অনুষ্ঠানগুলোতে অংশগ্রহণ করতে পারেননি, অথবা আরও জানতে চান?

- schools.nyc.gov/Middle দেখুন। প্রথম অধিবেশনের দুই সপ্তাহ পর আমাদের ওয়েবসাইটে অনুবাদ সহ ক্যাপশন (লেখা) দেয়া একটি রেকর্ডিং অধিবেশন লভ্য হবে।

শুভ কামনায়,

মিডল্ স্কুল অ্যাডমিশন্স টিম, অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট

এই ইমেইলটি কি আপনার কোনও বন্ধু আপনাকে প্রেরণ (ফরওয়ার্ড) করেছেন? schools.nyc.gov/SignUp ওয়েবসাইটে আমাদের মিডল্ স্কুলে ভর্তিতে আগ্রহীদের মেইলিং লিস্টে (ডাক তালিকায়) নাম লেখাতে (বা সাইন আপ করতে) ভুলবেন না। হাই স্কুলে অ্যাডমিশন্স বিষয়ে ভবিষ্যতে কোনও বার্তা না পেতে চাইলে, তথা আনসাবস্ক্রাইব করতে, অনুগ্রহ করে [এখানে](#) ক্লিক করুন।